



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
মুলাদী, বরিশাল।  
cooperative.muladi.barisal.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন  
সমবায়ের উন্নয়ন”

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহিতা/অংশীজনের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি: শেখ আল মামুন

স্থান : উপজেলা সমবায় কার্যালয়, মুলাদী, বরিশাল।

তারিখ : ২৭মার্চ, ২০২৪খ্রি: রোজ: বুধবার।

সময় : বেলা ১০.০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট -ক

অধ্যকার সভার সভাপতি জনাব, শেখ আল মামুন, উপজেলা সমবায় অফিসার, মুলাদী, বরিশাল এর সভাপতিত্বে সভার কার্য শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। সভাপতি অধ্যকার সভার আহ্বান ও উদ্দেশ্য সম্পর্কে বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ খ্রি: এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশ গ্রহনে আমাদের চার কোয়ার্টারে দুইটি সভা করার বাধ্যবাধকতা আছে। সেজন্য অত্র উপজেলার কর্মকর্তা, কর্মচারী ও সমবায়ীদের অংশ গ্রহনে এই বছরের প্রথম সভার আয়োজন করা। তিনি এই সভার উদ্দেশ্য বর্ণনা করে বলেন যে, আমাদের প্রতিটি ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। সমবায় বিভাগের কর্মকর্তা, কর্মচারীদের ক্ষেত্রে সুশাসন হল তাদের উপর অর্পিত দায়িত্ব সততা, নিষ্ঠা ও সময়মত প্রতিটি কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদন করা। তেমনভাবে সমবায় সমিতির খেত্রে শুদ্ধাচার হল সমিতির খাতাপত্র নিয়মিত হালনাগাদ রাখা, প্রতি মাসে একটি ব্যবস্থাপনা কমিটির সভা করা এবং রেজুলেশন খাতায় লিপিবদ্ধ করা, কতৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে হিসাবদি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা। বার্ষিক অডিট সম্পাদন করা অডিট সম্পাদনের পর অডিট সংশোধনী প্রতিবেদন কতৃপক্ষের বরাবরে প্রেরণ করা, অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা করা, কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বার্ষিক সাধারণ সভায় অনুমোদন গ্রহণ ও কর্মচারীদের জন্য সার্ভিস বুল প্রনয়ন করা। খরচের ক্ষেত্রে ভাউচার ও আদায়ের ক্ষেত্রে রশিদ সংরক্ষণ করা এবং সমিতির প্রতিটি কাজের বিষয়ে সমিতি যদি যতায়ত্ন ব্যবস্থা গ্রহণ করেন তবে সমিতির ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠা হবে।

তিনি অধ্যকার সভায় উপস্থিত সকলকে উপজেলা সমবায় দপ্তরের সেবা সম্পর্কে, কোন অভিযোগ থাকলে তা উপস্থাপন করার আহ্বান জানান। অংশগ্রহনকারীগণের কোন অভিযোগ না থাকায় কেউ কোন অভিযোগ দাখিল করেনি।

উপজেলা সমবায় অফিসার, মুলাদী বলেন যে, সমিতির সদস্যরা যদি প্রশিক্ষণ নিতে চান তবে সংশ্লিষ্ট সমবায় দপ্তরে তাদের প্রয়োজনীয় কাগজপত্র জমা রাখার পরামর্শ দেন। প্রশিক্ষণের সময় হলে তারা প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। তিনি আরও বলেন যে উপজেলা সমবায় কার্যালয়ের আওতায় বছরে ০৪ থেকে ০৬টি ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয় তারা এ প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। তিনি উপজেলা সমবায় অফিসার সাথে যোগাযোগ রাখার পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শেখ আল মামুন  
উপজেলা সমবায় অফিসার  
মুলাদী, বরিশাল।